



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।
www.bb.org.bd

পেমেন্ট সিস্টেমস ডিপার্টমেন্ট

০৩ অক্টোবর, ২০২৩

পিএসডি সার্কুলার নং - ১২/২০২৩

তারিখ:-----

১৮ আশ্বিন, ১৪৩০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা

বাংলাদেশে কার্যরত সকল মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস (এমএফএস) প্রোভাইডার প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

১৪-১৮ বছর বয়সী নবীনদের জন্য এমএফএস ব্যক্তিক হিসাব প্রচলন প্রসঙ্গে।

ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের উদ্দেশ্যে 'স্মার্ট বাংলাদেশ' গড়ে তোলার কৌশল হিসেবে দেশের সকল জনগোষ্ঠিকে ডিজিটাল পেমেন্ট ইকোসিস্টেম-এ আনয়নের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক 'ক্যাশলেস বাংলাদেশ' উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এরই ধারাবাহিকতায় প্রচলিত আর্থিক ব্যবস্থার সাথে পরিচিতকরণের পাশাপাশি আর্থিক অন্তর্ভুক্তির প্রসার বৃদ্ধির লক্ষ্যে ১৪-১৮ বছর বয়সী নবীনদের এমএফএস একাউন্ট খোলার সুযোগ দেয়া হলে একটি বিপুল সংখ্যক ডিজিটাল পেমেন্ট সিস্টেমস ব্যবহারকারীদের নিয়ন্ত্রিত পেমেন্ট ইকোসিস্টেমে সংযুক্ত করা যেমন সম্ভব হবে তেমনি ক্যাশলেস সোসাইটি গঠনের মাধ্যমে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে তা একটি কার্যকরী ভূমিকা রাখতে সহায়ক হবে। বর্ণিত প্রেক্ষাপটে, ১৪-১৮ বছর বয়সী নবীন জনগোষ্ঠীর ডিজিটাল লেনদেনের চাহিদার বিষয়টি বিবেচনায় নিয়ে ১৪-১৮ বছর বয়সী নবীনদের এমএফএস ব্যক্তিক হিসাব প্রচলন ও পরিচালনা সংক্রান্ত নিম্নোক্ত নীতিমালা জারি করা হলোঃ

০১. হিসাব খোলার উপযুক্ততাঃ ১৪-১৮ বছর বয়সী নবীনরা এরূপ এমএফএস হিসাব খুলতে পারবে;

০২. নাগরিকত্বঃ ১৪-১৮ বছর বয়সী হিসাব খুলতে অগ্রহী ব্যক্তি এবং অভিভাবক/আইনগত অভিভাবক উভয়কেই বাংলাদেশের নাগরিক হতে হবে;

০৩. হিসাব খোলার প্রক্রিয়া ও পরিচালন পদ্ধতিঃ

ক) ১৪-১৮ বছর বয়সী নবীনদের এমএফএস হিসাব খোলার সময় হিসাব খুলতে অগ্রহী ব্যক্তি এবং অভিভাবকের যথাক্রমে জন্মসনদ এবং জাতীয় পরিচয়পত্রের নম্বর এন্ট্রি করতে হবে। এরূপ হিসাব খোলার জন্য অভিভাবকের এমএফএস হিসাব বাধ্যতামূলকভাবে লিংকড এমএফএস একাউন্ট হিসেবে ব্যবহৃত হবে। তাই পিতা/মাতা/অভিভাবকের এমএফএস হিসাবটির Authentication নিশ্চিতকরণ সাপেক্ষে এ হিসাব খুলতে হবে। এতদবিষয়ে বিএফআইইউ সার্কুলার নং-২০ এ প্রদত্ত অন্যান্য নির্দেশনা অনুসরণ করতে হবে;

খ) পিতা/ মাতা/ আইনগত অভিভাবকের সম্মতি সাপেক্ষে এরূপ এমএফএস হিসাব খুলতে হবে। হিসাব খোলার ক্ষেত্রে অভিভাবকের সম্মতি গ্রহণ প্রক্রিয়ার অংশ হিসেবে তাদের মোবাইলে OTP প্রেরণ করার ব্যবস্থা থাকতে হবে এবং উক্ত OTP সন্নিবেশনের মাধ্যমে অভিভাবকের সম্মতি গ্রহণ করতে হবে। এছাড়াও এসকল একাউন্টসমূহের লেনদেনের ক্ষেত্রে হিসাবধারীর মোবাইল নম্বরে মেসেজ প্রেরণ নিশ্চিত করতে হবে। একইসাথে লেনদেনের তথ্য সম্পর্কে অভিভাবককে মেসেজ বা অন্য যেকোন পদ্ধতিতে অবহিতকরতঃ নিয়মিত মনিটরিং এর ব্যবস্থা রাখতে হবে;

০৪. এমএফএস হিসাবে অর্থ জমাকরণ পদ্ধতিঃ ১৪-১৮ বছর বয়সী নবীনদের এরূপ এমএফএস হিসাবসমূহে শুধুমাত্র অভিভাবকের লিংকড এমএফএস হিসাব/ ব্যাংক হিসাব/ কার্ড/ ই-ওয়ালেট হতে অর্থ জমা করা যাবে। এক্ষেত্রে আলোচ্য হিসাবসমূহে এজেন্ট পয়েন্ট অথবা অন্য কোন এমএফএস হিসাব/ ব্যাংক হিসাব/ কার্ড/ ই-ওয়ালেট হতে অ্যাড মানি করা যাবে না;

চলমান পৃষ্ঠাঃ ০২



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

www.bb.org.bd

-০২-

পূর্ববর্তী পৃষ্ঠার পরঃ

০৫. অনুমোদিত সেবাসমূহঃ ক্যাশ-ইন/অ্যাড মানি, ক্যাশ-আউট, পিটুপি, মোবাইল রিচার্জ, ইউটিলিটি বিল পেমেন্ট, এডুকেশন ফি, মার্চেন্ট পেমেন্ট;

০৬. লেনদেনের সীমাঃ ১৪-১৮ বছর বয়সী নবীনদের এমএফএস ব্যক্তিক হিসাবের লেনদেনের সীমা নিম্নোক্তভাবে নির্ধারণ করা হলোঃ

| ক্রম | সেবাসমূহ | লেনদেন সীমার ভিত্তি | সংখ্যা (সর্বোচ্চ) | সর্বসাকুল্য পরিমাণ (টাকা) |
|------|---|------------------------|----------------------|---------------------------|
| (১) | ক্যাশ-ইন/অ্যাড মানি (শুধুমাত্র অভিভাবকের লিংকড এমএফএস হিসাব/ ব্যাংক হিসাব/ কার্ড/ ই-ওয়ালেট হতে) | দৈনিক | ৫ | ৫,০০০/- |
| | | মাসিক | ১০ | ৩০,০০০/- |
| (২) | ক্যাশ-আউট | দৈনিক | ৫ | ৫,০০০/- |
| | | মাসিক | ১০ | ২৫,০০০/- |
| (৩) | পিটুপি | দৈনিক | ৫ | ৫,০০০/- |
| | | মাসিক | ১০ | ১৫,০০০/- |
| (৪) | পেমেন্ট (বিল পেমেন্ট, এডুকেশন ফি, মার্চেন্ট পেমেন্ট প্রভৃতি) | দৈনিক | ৩ | ৫,০০০/- |
| | | মাসিক | ১০ | ২০,০০০/- |
| (৫) | হিসাব স্থিতি (সর্বোচ্চ) | ---- | | ৩০,০০০/- |

০৭. হিসাব মনিটরিংঃ আলোচ্য হিসাবসমূহে যেকোন অপব্যবহার রোধকল্পে সংশ্লিষ্ট এমএফএস প্রোভাইডার প্রতিষ্ঠান কর্তৃক এসকল হিসাবসমূহকে নিবিড়ভাবে তদারকি করতে হবে;

০৮. প্রতিবেদন দাখিল ও কার্যক্রম প্রকাশঃ এমএফএস প্রোভাইডার প্রতিষ্ঠানসমূহ ১৪-১৮ বছর বয়সী নবীনদের জন্য খোলা হিসাবসমূহের লেনদেনের তথ্য ও এ কার্যক্রমের প্রতিবেদন মাসিক ভিত্তিতে বাংলাদেশ ব্যাংকের পেমেন্ট সিস্টেমস ডিপার্টমেন্টে দাখিল করবে। প্রত্যেক মাস শেষ হওয়ার পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে এ প্রতিবেদন দাখিল করতে হবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ মোতাহ্বিম বিল্লাহ)

পরিচালক (পিএসডি)

ফোন : ০২-৯৫৩০৬১১